

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ইইএফ ইউনিট

ইইএফ সার্কুলার নং- ১৫

০৮ সেপ্টেম্বর, ২০০৮ ইং
তারিখঃ -----
২৪ ভাদ্র, ১৪১১ বাং

সকল তফসিলী ব্যাংক

ও

সকল আর্ক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

একুইটি এন্ড অন্ট্রাপ্র্যানারশীপ ফান্ড (ইইএফ) ।

উপরোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৯ জুলাই, ২০০৩ তারিখের ইইএফ সার্কুলার নং-১৩ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

০২। উক্ত সার্কুলারে ০২নং অনুচ্ছেদ মোতাবেক উদ্যোক্তার একুইটির সম্পূর্ণ অংশ (১০০%) বিনিয়োগ হওয়ার পর অন্যান্য শর্তাদির পরিপালন সাপেক্ষে উক্ত ইইএফ সহায়তার অর্ধ সরাসরি উদ্যোক্তাকে প্রদানের উদ্দেশ্যে বাংলাদেশ ব্যাংক সংশ্লিষ্ট ব্যাংক/আর্ক প্রতিষ্ঠানে কিস্তি ভিত্তিতে অর্ধ ছাড় করে াকে । উদ্যোক্তাদের অনুকূলে কিস্তি ছাড়ের সুপারিশ করার পূর্বে উদ্যোক্তার একুইটির সম্পূর্ণ অংশ বিনিয়োগ হওয়ার বিষয়টি নিশ্চিত হওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট ব্যাংক/আর্ক প্রতিষ্ঠান কর্তৃক প্রকল্পগুলি সরেজমিন পরিদর্শন করার পর এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন প্রেরণ করা হয় । ব্যাংক/আর্ক প্রতিষ্ঠান কর্তৃক অনুকূল সুপারিশের ভিত্তিতে বাংলাদেশ ব্যাংক ১ম কিস্তির অর্ধ ছাড় করে াকে । প্রকল্পগুলিতে ২য় কিস্তি েকে পরবর্তী কিস্তিসমূহের অর্ধ ছাড় করার পূর্বে পরিদর্শন বিষয়ে গঠিত বিশেষজ্ঞ কমিটি/ইইএফ ইউনিট হতে প্রকল্পসমূহ পরিদর্শন করা হয়ে াকে । তদপরিপ্রেক্ষিতে বিলম্ব রোধে এই মর্মে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক পরামর্শ দেয়া না পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংক/আর্ক প্রতিষ্ঠান কর্তৃক কিস্তিসমূহ বিতরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রকল্পগুলি পূর্কভাবে পরিদর্শনের প্রয়োজন নেই ।

০৩। সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, ইতোপূর্বে ইইএফ সহায়তাপ্রাপ্ত কোন কোন প্রকল্পের এক বা একাধিক পরিচালক একই জাতীয় অন্য প্রকল্পের পরিচালক হিসাবে সংশ্লিষ্ট েকে পুনরায় ইইএফ সহায়তার জন্য আবেদন করছেন । বিষয়টি পরীক্ষাপূর্বক এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ইইএফ সহায়তার জন্য আবেদনকারী কোন প্রকল্পের পরিচালকবৃন্দের কেউ ইতোপূর্বে ইইএফ সহায়তাপ্রাপ্ত একই জাতীয় কোন প্রকল্পের পরিচালক/উদ্যোক্তা হিসাবে সংশ্লিষ্ট াকলে প্রস্তাবিত প্রকল্পের অনুকূলে ইইএফ সহায়তার আবেদন বিবেচনা করা হবে না ।

অত্র সার্কুলার অবিলম্বে কার্যকর বলে গণ্য হবে ।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম,ফজলে রব)

উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৭১৬৩৬৫০